দৈনিক বাংলা

তারিখ 3 0 AUG 1993
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

# উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষা হবে প্রয়োগ নির্ভর : শমসের আলী

স্টাফ রিপোর্টার : বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর শমসের আলী বলেছেন, এ দেশের মানুষের জীবন-জীবিকার সাথে সম্পর্কযুক্ত শিক্ষার প্রসারের লক্ষ্যে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কাজ করে যাবে। তিনি বলেন, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষা হবে প্রয়োগনির্ভর। চাকরির বাজারে যার গ্রহণযোগ্যতা অনেক বেশী হবে।

( ৮-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ )

## শমসের আলী

(প্রথম পৃঃ পর)

প্রফেসর শমসের আলী রোববার উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এ কথা বলেন।

সাংবাদিক সম্মেলনে অন্যান্যের মধ্যে মনসুর উদ্দিন আহমদ, ডঃ এনামুল হক, প্রফেসর গিয়াস উদ্দিন, প্রফেসর আনোয়ার আলী, এম এন মোস্তফা প্রমুখ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

ডঃ শমসের আলী দুঃখ প্রকাশ করে বলেন, এ দেশের রেডিও টিভিতে শিক্ষামূলক অনুষ্ঠান প্রচারের উপর যতখানি গুরুত্ব দেয়া উচিত ছিল, নানা কারণে তা হয়নি। তিনি উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রোগ্রাম প্রচারের জন্য রেডিও টিভিতে মাত্র আধ ঘন্টা করে সময় বরাদ্দ করার জন্য দুঃখ প্রকাশ করেন।